গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(অ.জে.প্র. সার্বিক-এর গোপনীয় শাখা)
www.natore.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০২.৩৪.০০১.২৪- ১১

তারিখ : ১১ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১-৩৫ নম্বর স্মারকে সংশোধিত পরিপত্রের পরিপ্রেক্ষিতে জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, নাটোর-এর পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বাৎসরিক চুক্তিভিত্তিক নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্ত নাটোর জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন -ভাতা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১৪,০০০/- (নির্ধারিত) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা<br>(গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে নূন্যতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২। | অফিস সহায়ক | ০১ (এক) টি | ১২,০০০/- (নির্ধারিত) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | গার্ড | ০১ (এক) টি | ১০,০০০/- (নির্ধারিত) | (ক) অন্যূন অষ্টম শ্রেণি পাশ<br>(খ) সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী<br>তবে শর্ত থাকে যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হবেন। |

## শর্তাবলি:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নাটোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. জেলা প্রশাসক, নাটোর বরাবর আবেদন করতে হবে।
৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. বীর মুক্তিযোদ্ধার পোষ্যগণ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।
তবে জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহ্বায়ক কমিটির সদস্য/তার পরিবারের অন্যকোনো সদস্য এ সকল পদে নিয়োগের যোগ্য বলে বিবেচিত হবেন না।
৫. **আবেদনপত্রের দাখিলের নিয়মাবলি এবং সংযুক্ত সনদপত্রাদি/কাগজপত্রাদির বিবরণ:**
ক) আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ), জন্ম তারিখ, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে।
নিম্নবর্ণিত ছক মোতাবেক শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে:

| ক্রমিক নং | পরীক্ষার নাম | পাসের সন | প্রাপ্ত জিপিএ/গ্রেড | বিভাগ | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| | | | | | |

খ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র/সাময়িক সনদপত্রের ফটোকপি।
গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।
ঘ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্বের সনদপত্র।
ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের ফটোকপি।
চ) আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা উল্লেখপূর্বক ১৫/- (পনের) টাকা মূল্যের ডাক টিকিট যুক্ত ৯.৫" × ৪.৫" সাইজের ১টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। ফেরত খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকরির জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd)-তে প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর ওয়েবসাইট (www.bffwt.gov.bd)-তে বিদ্যমান টিআইএমএসএস-এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্মতারিখ ৩০ মে ১৯৫৯ অথবা তার পূর্বে হতে হবে।

জ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীগণকে নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্য মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মন্তব্য |
|---|---|---|---|---|

ঝ) কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রের ফটোকপি।

ঞ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র/কন্যা মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে বর্ণিত সকল সনদপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে।

৯. প্রার্থীর বয়সসীমা ২৫/০৪/২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা একই তারিখে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. আবেদনপত্রের সাথে দাখিলকৃত সনদপত্র/প্রমাণকসমূহ যাচাই-বাছাই/গ্রহণের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. <u>আবেদনপত্র দাখিলের সময়সীমা ও অন্যান্য শর্তাবলি:</u>

i. **<u>পরীক্ষার ফি প্রদান</u>** পরীক্ষার ফি বাবদ **'তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর'** পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং **'অফিস সহায়ক'** ও **'গার্ড'** পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) **জেলা প্রশাসক, নাটোর** বরাবর ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে এবং এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ii. আবেদনপত্র আগামী ২৫/০৪/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর-এর গোপনীয় শাখায় পৌছাতে হবে।

iii. জেলা প্রশাসক, নাটোর বরাবর আবেদন করতে হবে।

iv. খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

২৫/০৩/২৪

(মোঃ মাছুদুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নাটোর
ফোন: ০২৫৮৮৮৭৩৭৭৮ (অফিস)
ই-মেইল: adcgnatore@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০২.৩৪.০০১.২৪- ১১

তারিখ : ১১ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. সিভিল সার্জন, নাটোর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নাটোর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা,নাটোর (বিজ্ঞপ্তিটি তার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য)
৯. ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, নাটোর।
১০. ম্যানেজার/সম্পাদক, দৈনিক নাটোরের খবর, নাটোর । বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি ২৭/৩/২০২৪ তারিখ শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য ৪"×১০" আকারে পত্রিকার ভিতরের পাতায় (৯ ফন্টে) প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

২৫/০৩/২৪

(মোঃ মাছুদুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নাটোর
ফোন: ০২৫৮৮৮৭৩৭৭৮ (অফিস)
ই-মেইল: adcgnatore@mopa.gov.bd